দৈনিক
জনকণ্ঠ

তারিখ 2 2 JAN 20 3
পৃষ্ঠা 2 কলাম [illegible]

# মেধা বিকাশে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে ॥ প্রফেসর জাফর ইকবাল

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ মঙ্গলবার সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে 'কম্পিউটার এবং ব্যবসায় শিক্ষা প্রত্যাশা এবং চ্যালেঞ্জ' বিষয়ের ওপর অনুষ্ঠিত সেমিনারে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং, বিভাগের বিভাগীয় প্রধান, প্রফেসর মুহম্মদ জাফর, ইকবাল বলেছেন, 'জ্ঞান হচ্ছে বড় সম্পদ। যে কারণে ছাত্রছাত্রীদের মেধার বিকাশ সাধনে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। তিনি বলেছেন, আমাদের দেশের তরুণদের তথ্যপ্রযুক্তির ওপর অধ্যয়ন শেষে কাজের সুযোগ সৃষ্টি করতে হবে। এক্ষেত্রে সরকারকে ভূমিকা রাখতে হবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিটির সদস্য মঞ্জুর মোরশেদ মাহমুদ বলেছেন, তথ্যপ্রযুক্তির বিকাশে পৃথিবী ছোট হয়ে আসছে। বর্তমানে আমরা ইন্টারনেট ব্যবহার করে এক সেকেন্ডের মধ্যে বিশ্বের যে কোন জায়গার তথ্য পেয়ে যাচ্ছি।

দুই সেশনে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক ড. কিসমত আহসান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের প্রধান ড. ইউছুফ ইসলাম, ব্যবসায় প্রশাসন বিভাগের প্রধান ড. আব্দুর রব, শাহজালাল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক ড. রেজাই করিম খন্দকার, গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর গৌরাঙ্গ দেব রায় প্রমুখ। এদিকে বিকালে ওই বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেট এবং একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে।